

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hajj.gov.bd

নং- ১৬.০০.০০০০.০০৩.৩৩.১৯২.১৭-১৪৩৬

তারিখঃ ২৪/১০/২০১৭খ্রিঃ

ওমরাহ লাইসেন্স নবায়ন সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি

সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় হজ ও ওমরাহ নীতি-১৪৩৮ হিজরি (২০১৭ খ্রি.) এর অনুচ্ছেদ নং-২১.২.১ এবং অনুচ্ছেদ নং-২২.৪ এ নিম্নরূপ নির্দেশনা রয়েছে:

“সংশ্লিষ্ট ওমরাহ এজেন্সিকে ওমরাহ পালনে ইচ্ছুকদের গ্রুপ ভিত্তিক/এককভাবে বাংলাদেশ থেকে সৌদি আরবে প্রেরণ, মদিনা শরীফে আবাসন, খাওয়া ও সার্বক্ষণিক গাইডের ব্যবস্থা (প্যাকেজ ট্যুর) এবং অন্যান্য আনুষঙ্গিক কার্যাদিসহ ওমরাহ পালন শেষে দেশে প্রত্যাবর্তনের ব্যবস্থা নিশ্চিত করতে হবে। প্রতিটি গ্রুপ/একক সৌদি আরব যাওয়ার আগে এবং সৌদি আরব থেকে বাংলাদেশে ফেরত আসার বিষয়ে প্রমাণ সংক্রান্ত তথ্যাদি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, হজ অফিস, ঢাকা ও মক্কাস্থ বাংলাদেশ হজ অফিসে দাখিল করতে হবে”

“এ এজেন্সিসমূহের পূর্ববর্তী বছরসমূহের কার্যক্রম, সেবার মানসহ সংশ্লিষ্ট কাগজপত্রাদি প্রমাণকসহ মন্ত্রণালয়ে দাখিল সাপেক্ষে সংশ্লিষ্ট প্রমাণপত্র পরীক্ষা-নিরীক্ষাপূর্বক সরকারের সন্তুষ্টি সাপেক্ষে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক হজ ও ওমরাহ লাইসেন্স নবায়ন করা হবে” মর্মে নির্দেশনা রয়েছে।

এমতাবস্থায়, যে সকল ওমরাহ এজেন্সির নবায়ন সংক্রান্ত কাগজপত্রাদি ইতোমধ্যে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে দাখিল করেছেন এবং পরবর্তীতে করবেন তাদের পূর্ববর্তী ৩ বছরের কার্যক্রম, সেবার মানসহ হজযাত্রীদের বাংলাদেশে ফেরত সংক্রান্ত তথ্যাদি এজেন্সির প্যাডে উল্লেখ করত: (প্রমাণকসহ) সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় (দু:আ: উপ-সচিব (হজ) বরাবর আগামী ৩ (তিন) দিনের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, উক্ত কাগজপত্রাদি প্রাপ্তি সাপেক্ষে ওমরাহ এজেন্সিসমূহের লাইসেন্স নবায়ন করা হবে।

২। বিষয়টি অতীব জরুরী।

তারিখঃ ২৪.১০.২০১৭ খ্রিঃ

৫

এস.এম. মনিরুজ্জামান
সহকারীসচিব (হজ-২)
ফোন: ৯৫৮৫২০০।
e-mail: morahajsection@gmail.com

সভাপতি/মহাসচিব
হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব)
নয়াপল্টন, ঢাকা।

নং- ১৬.০০.০০০০.০০৩.৩৩.১৯২.১৭-১৪৩৬

তারিখঃ ২৪/১০/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি দেয়া হল:-

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা।
- ৩। ভারপ্রাপ্ত সচিব মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লি., কারওয়ান বাজার, ঢাকা (বিজ্ঞপ্তিটি www.hajj.gov.bd ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। যুগ্মসচিব (হজ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার..... এজেন্সী ১৪৩৯ হিজরি (২০১৭-২০১৮ খ্রি. সনের ওমরাহ মৌসুমে ওমরাহ কার্যক্রম পরিচালনাকারী সংশ্লিষ্ট সকল এজেন্সী)।

৫

এস.এম. মনিরুজ্জামান
সহকারীসচিব (হজ-২)